

**জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
**(Overview of the Performance of the District/Circle Office)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

অত্র জেলায় 05 টি মাধ্যমিক ও 03টি কলেজ জাতীয়করণ, 2019 সালে নতুন করে 26টি প্রতিষ্ঠান এমপিওভুক্ত এবং 08টি প্রতিষ্ঠানে ILC ল্যাব প্রতিষ্ঠিত হয়েছে। কোভিড-19 পরিস্থিতিতে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে ও মাল্টিমিডিয়া মাধ্যমে ক্লাস নিতে সক্ষম হয়েছে। শিক্ষকের দক্ষতা, পেশাদারীত্ব বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপ সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। Online MPO আবেদন শতভাগ অগ্রায়ন করার ফলে স্বচ্ছতা, জবাবদিহিতা ও স্বল্প সময়ে কর্মসম্পাদন কাঙ্ক্ষিত মাত্রায় অর্জিত হচ্ছে। ই-নথি সিস্টেমে নথি অগ্রায়ন করার ফলে পূর্বাপেক্ষা দ্রুততার সহিত সেবা প্রদান করা হচ্ছে। ঝরে পড়ার হার কমিয়ে আনার লক্ষ্যে হোম ভিজিট অব্যাহত আছে। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘ ও মাদক বিরোধী কমিটি গঠন করা হয়েছে। সাতক্ষীরা জেলায় 142টি শিক্ষা প্রতিষ্ঠানে Multimedia এবং সকল প্রতিষ্ঠানে সততা স্টোর, সততা সংঘ এবং মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপিত হয়েছে। শিক্ষার গুণগত মানোন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পর্যাপ্ত অবকাঠামো সুবিধা না থাকা, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থার অভাব ও ধীরগতির ইন্টারনেটের কারণে দাপ্তরিক এবং অনলাইন ও মাল্টিমিডিয়া শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন ও সময়মত ডাশ বোর্ডে আপলোড ব্যাহত হয়। এছাড়াও স্থায়ী Multimedia ক্লাসরুমের অভাব, Digital Content তৈরীতে অনাগ্রহ থাকায় Multimedia-এর মাধ্যমে পাঠদান এবং দক্ষ বিজ্ঞান শিক্ষক ও পর্যাপ্ত বিজ্ঞান উপকরণের অভাবে অত্র জেলার শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হচ্ছে।

জঙ্গীবাদ, মাদক সেবন, যৌন হয়রানি, বাল্য বিবাহ, সাম্প্রদায়িক কার্যক্রম প্রতিরোধে শিক্ষক, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা কমিটিসহ সমাজের সচেতন নাগরিকগণের সমন্বয়ে সামাজিক আন্দোলন গড়ে তোলা; Digital Content তৈরীতে দক্ষ/আগ্রহী শিক্ষক তৈরী করা; শিক্ষার্থীদের কোচিং ও গাইড বই বিমুখ করা এবং মূল পাঠ্য বই পড়তে উদ্বুদ্ধ করা এবং মৌলিক সৃজনশীল প্রশ্নের মাধ্যমে পরীক্ষা গ্রহণের উদ্যোগী হওয়া। শিক্ষার্থীদের অ্যাসাইমেন্টে সম্পূর্ণকরণ, বাস্তবায়ন ও মূল্যায়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জাতীয় শিক্ষানীতি-২০১০ এবং রূপকল্প-২০২১ এর আলোকে নতুন প্রজন্মকে দেশপ্রেমিক, নেতৃত্বদানের উপযোগী, ধর্ম নিরপেক্ষতা এবং জীবনব্যাপী শিক্ষা লাভের সুযোগ সৃষ্টির মাধ্যমে উন্নত রাষ্ট্রের জন্য বিশ্বমানের নাগরিক তৈরী করা। শিক্ষায় আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করে জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা। বহুমুখী ভাষা শিক্ষার মাধ্যমে দক্ষ মানব সম্পদ গড়ে তোলা এবং উৎপাদনমুখী কর্মের প্রয়োজনে শেখ রাসেল ডিজিটাল ও ভাষা শিক্ষা ল্যাবের লাগসই ব্যবহার নিশ্চিত করা। মাঠ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান অনলাইন Monitoring কার্যক্রম জোরদার করা। ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শিক্ষক তৈরী করে ZOOM APP ব্যবহার করে ক্লাস পরিচালনা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জংগীবাদ, মাদক সেবন, সাম্প্রদায়িক কার্যক্রমে শিক্ষক-শিক্ষার্থী যাতে লিপ্ত না হয় সেজন্য সামাজিক আন্দোলন গড়ে তোলা। বাল্য বিবাহ বন্ধ করা, নারী শিক্ষা অব্যাহত রাখা। প্রশিক্ষিত বিজ্ঞান শিক্ষক ও সহজলভ্য স্থানীয় উপকরণ নিশ্চিত করে শিক্ষার্থীদের ব্যবহারিক শ্রেণি পাঠদানের মাধ্যমে বিজ্ঞান শিক্ষায় আগ্রহী করে তোলা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- জাতীয় শিক্ষানীতি-২০১০, রূপকল্প-২০২১ এবং 2041 সালের মধ্যে উন্নত রাষ্ট্র গঠনের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে ক্রমাগত বাস্তবায়ন করা।
- E-Nothi.System-এ File অগ্রায়ন করে অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও দ্রুততর সেবা প্রদান নিশ্চিত করা।
- শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন জোরদারকরণ ও অতীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে অগ্রণী ভূমিকা রাখা।
- ধারাবাহিক মূল্যায়ণের মাধ্যমে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের উপযোগী করে গড়ে তোলা।